গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/২৯ মে ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১৬২-আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বেসরকারী প্রেসিডেন্ট আবদুল হামিদ মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ-এ এএফসি হেলথ লিমিটেড এবং ভারতের Fortis Escorts Heart Institute এর যৌথ উদ্যোগে হৃদরোগ সংক্রান্ত বিশেষায়িত স্বাস্থ্যসেবা প্রদান হইতে অর্জিত আয়কে এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসরের জন্য, নিম্নবর্ণিত শর্তে, আয়কর প্রদান হইতে এতদ্দ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:—

শর্ত

কর অব্যাহতি প্রাপ্ত আয়ের অন্যূন ৫০ (পঞ্চাশ) শতাংশ বেসরকারী প্রেসিডেন্ট আবদুল হামিদ মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ এ বিশেষায়িত স্বাস্থ্যসেবা প্রদানে বিনিয়োগ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি

সিনিয়র সচিব।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner